বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
Bangladesh Agricultural Research Institute
Gazipur-1701

কৃষিই সমৃদ্ধি

Fax No. : 88-02-49270201
Office Ph: 88-02-49270000
PABX : 02-49270041-8, Ext-5301
Email : dg.bari@bari.gov.bd
Web : www.bari.gov.bd

স্মারক নং-১২.২১.০০০০.০০৩.৪২.০০১.২০.২২০২ তারিখ: ২৮-১০-২০২১ খ্রি.

**বিএআরআই এর "কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২১" এ মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়ের নির্দেশনাসমূহ বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **মহাপরিচালক, বারি, গাজীপুর** |
| **তারিখ ও সময়** | : | **২৫-১০-২০২১ খ্রি., বেলা ১১:০০ ঘটিকা** |
| **স্থান** | : | **মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ** |

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের "কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা এবং কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২১" এ মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়ের নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৬২.৯৯.০০৫.২১.৩২২ তারিখ: ১৯ অক্টোবর ২০২১ মোতাবেক পত্রের মাধ্যমে বারি'রকে নির্দেশনা প্রদান করা হয়। বিধায় বিএআরআই এর "কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২১" এ মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়ের নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য ২৫ অক্টোবর ২০২১ তারিখে মহাপরিচালক, বারি মহোদয়ের সভাপতিত্বে তাঁর সভাকক্ষে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বারি'র প্রধান কার্যালয়ের পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধান এবং মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন (কপি সংযুক্তি)। অনুষ্ঠানের শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে এবং ব্যক্তিগত মতপার্থক্য ভুলে সম্মিলিত প্রচেষ্টায় প্রতিষ্ঠানকে এগিয়ে নিতে হবে মর্মে আশাবাদ ব্যক্ত করে সভা শুরু করেন। সভাপতি মহোদয় পরিচালক (সেবা ও সরবরাহ) মহোদয়কে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। উপস্থিত পরিচালক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাগণ উল্লেখিত বিষয়ে মতামত প্রদান করেন। মতামত ও সিদ্ধান্তসমূহ নিম্নে দেয়া হলো:

**মতামত ও সিদ্ধান্ত:**

১. মহাপরিচালক মহোদয় মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়ের ৮ দফা নির্দেশনা নিয়ে পরিচালক ও বিভাগীয় প্রধানদের ২-৩ দিন Brain storming করার নির্দেশনা দেন। অতপর পরিচালক ও বিভাগীয় প্রধানদের নিয়ে মিটিং করে এ বিষয়ে একটি সুস্পষ্ট প্রস্তাবনা পেশ করার কথা বলেন।

২. পরিচালক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাবৃন্দ ২-৩ মাস অন্তর অন্তর P&DC meetting করার ব্যাপারে মতামত প্রদান করেন।

৩. সভায় উপস্থিত সদস্যবৃন্দ বারি'র সকল শূন্য পদ পূরণ, পদোন্নতি এবং পদ সৃষ্টির ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করার পক্ষে মতামত প্রদান করেন।

৪. সিএসও এর নিম্ন পদ মর্যাদার বিজ্ঞানী ও কর্মকর্তাগণ পূর্ব অনুমতি সাপেক্ষে মহাপরিচালক মহোদয়ের সহিত সাক্ষাৎ করতে পারবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.১০.২১

(ড. দেবাশীষ সরকার)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. পরিচালক (সেবা ও সরবরাহ/গবেষণা/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/উদ্যানতত্ত্ব/কন্দাল ফসল/তৈলবীজ গবেষণা), বারি, গাজীপুর/ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা।

২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, (কৃষিতত্ত্ব বিভাগ/উদ্ভিদ প্রজনন বিভাগ/মৃত্তিকা বিজ্ঞান বিভাগ/উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ/কীটতত্ত্ব বিভাগ/সরেজমিন গবেষণা বিভাগ/কৃষি অর্থনীতি বিভাগ/এফএমপিই বিভাগ/খামার বিভাগ/সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ/এএসআইসিটি বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)/পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ/জীব প্রযুক্তি বিভাগ/উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ/বীজ প্রযুক্তি বিভাগ/উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র/আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র/ডাল গবেষণা উপ-কেন্দ্র), বারি, গাজীপুর।

৩. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, অনিষ্টকারী মেরুদন্ডী প্রাণী বিভাগ, বারি, গাজীপুর।

৪. অফিস কপি।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
মহাপরিচালকের ব্যক্তিগত শাখা,
জয়দেবপুর, গাজীপুর

২০/০৮/২০২১ ইং তারিখে সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের স্বাক্ষর ।

| ক্র/নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক | |
| ২। | ড. মো: কামরুল হাসান, পরিচালক (প্রশ কম) | |
| ৩। | ড. দীলিপ কুমার সরকার, পরিচালক (প্র. ও মূ.) বারি | |
| ৪। | ড. মোঃ রফিকুল ইসলাম পরিচালক (গবেষণা) | |
| ৫। | ড. মুহাম্মদ সামসুল আলম, পরিচালক (প্র: ও সে:) | |
| ৬। | ড. মো. মতিউর রহমান, এমএসও, গবেষণা উইং | |
| ৭। | ড. মোহাম্মদ কামরুল ইসলাম মজিদ, এসএসও | |
| | | |
| ৮। | ড. অপূর্ব কান্তি চৌধুরী, পরিচালক (উদ্যানতত্ত্ব), এইচআরসি, বারি | |
| ৯। | ড. মুহাঃ শহিদুজ্জামান, সিএসও, এগ্রোনমি | |
| ১০। | ড. মো: আব্দুল লতিফ আকন্দ, সিএসও, [illegible] | |
| ১১। | ড. মো: ওমর আলী, সিএসও, তৈলবীজ গবেষণা কেন্দ্র | |
| ১২। | ড. দিলোয়ার আহমদ চৌধুরী, সিএসও, মৃত্তিকাতত্ত্ব বিভাগ | |
| ১৩। | ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস সিএসও খামার ব্য: | |
| ১৪। | মো: হাফিজুল হক খান, সিএসও (রুটিন), পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ | |
| ১৫। | ড. মুহাঃ আতাউর রহমান সি.এস.ও, মৃত্তিকা ও পানি ব্যবস্থাপনা, উপকেন্দ্র | |
| ১৬। | ড. মো: মনিরুল ইসলাম, সি এস ও, কন্দাল ফসল গবেষণা | |
| ১৭। | ড. মো: মতিয়ার রহমান, সিএসও ও প্রধান (উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ) BARI. | |
| ১৮। | ড. মো. আব্দুল্লাহ ইউসুফ আকন্দ, সিএসও, জীব প্রযুক্তি | |
| ১৯। | ড. মো: মোবারক আলী - সিএসও, [illegible], গাজীপুর | |
| ২০। | ড সুজিত কুমার বিশ্বাস, প্রধান, [কাটা] [illegible] | |
| ২১। | ড. মো: আনোয়ার হোসেন, CSO (CC), IWM Division | |
| ২২। | ড. মো: নজরুল ইসলাম, সিএসও, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | |
| ২৩। | ড. এম. আমজাদ হোসেন, সিএসও, পিআরসি | |
| ২৪। | ড. নির্মল চন্দ্র শীল সিএসও, প. ও মূ. | |
| ২৫। | ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান CSO, [illegible] | |
| ২৬। | ড. মো: বদরুজ্জামান, সিএসও, গবেষণা উইং | |
| ২৭। | ড. ফেরদৌসী ইসলাম, সিএসও, সবজি, এইচআরসি | |
| ২৮। | ড. হরিদাস চন্দ্র মোহন্ত, সিএসও, আ.ম.গ.কে. গাজীপুর | |
| ২৯। | ড. মো. আব্দুর রশীদ, সিএসও, কৃষি অর্থনীতি | |
| ৩০। | তাসনীম নাহার বর্ণা, এসও, এফএমপিই বিভাগ | |
| ৩১। | ড. মোহাম্মদ আবু তাহের মাসুদ, সিএসও, সবজি বিভাগ | |
| ৩২। | ড. নির্মল কুমার দত্ত, CSO, Entom | |
| ৩৩। | ড. বাবুল চন্দ্র সরকার, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ | |
| ৩৪। | ড. শমিক মোহাম্মদ নাসর, সিএসও - মৃত্তিকা বিজ্ঞান | |
| | | |
| | | |